**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 10-07-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) ত্রিপুরা বিজনেস কনক্লেভে ১ লক্ষ ২১ হাজার কোটি টাকারও বেশি বিনিয়োগের ৩৪২টি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে।**

**(২) রাজ্যে নূন্যতম সহায়ক মূল্যে কৃষকদের থেকে সরাসরি ধান কেনা আজ থেকে শুরু হয়েছে।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তাঁর তিন-দেশ সফরের শেষ পর্যায়ে অকল্যান্ডে এসে পৌঁছেছেন।**

**(৪) দুই ইউরোপীয় শক্তিধর দেশ স্পেন ও বেলজিয়াম আজ বিশ্বকাপে মুখোমুখি।**

*********************************************

**Destination Tripura Business Conclave :**

দুই দিনব্যাপী ডেস্টিনেশন ত্রিপুরা বিজনেস কনক্লেভ ২০২৬ আজ আগরতলার হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণে শেষ হয়েছে। দেশ-বিদেশের ১২০০-রও বেশি বিনিয়োগকারী ও প্রতিনিধিদের উপস্থিতিতে মোট ৩৪২টি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। এক্ষেত্রে বিনিয়োগের সম্ভাব্য আর্থিক মূল্য ১ লক্ষ ২১ হাজার কোটি টাকারও বেশি। আজ মেলা প্রাঙ্গনে সাংবাদিক সম্মেলনে শিল্প ও বাণিজ্য দপ্তরের সচিব কিরণ গিত্যে এই তথ্য জানান। তিনি জানান, মুখ্যমন্ত্রী ও রাজ্য মন্ত্রিসভার সদস্যরা বিনিয়োগকারীদের সঙ্গে একান্ত বৈঠক করেন। রাজ্যে শিক্ষা, বিদ্যুৎ, পর্যটন, রিয়েল এস্টেট, কৃষি উদ্যান, প্রাণী সম্পদ বিকাশ, শিল্প, স্বাস্থ্য পরিষেবা সহ বিভিন্ন ক্ষেত্রে সমঝোতা স্মারক স্বাক্ষর নিয়ে সংশ্লিষ্ট দপ্তরগুলির সচিবগণ সাংবাদিক সম্মেলনে বিস্তারিত উল্লেখ করেন।

বিজনেস কনক্লেভে এন.এইচ.পি.সি লিমিটেড এবং ত্রিপুরা বিদ্যুৎ নিগমের মধ্যে মধ্যে একটি দীর্ঘমেয়াদি বিদ্যুৎ ক্রয় চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এই চুক্তির আওতায় অরুণাচল প্রদেশে নির্মীয়মান এন.এইচ.পি.সি-র ১ হাজার ৭২০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন জলবিদ্যুৎ প্রকল্প থেকে ত্রিপুরা বিদ্যুৎ পাবে। প্রকল্পটির বাণিজ্যিক উৎপাদন শুরু হওয়ার পর থেকে টানা ৪০ বছর এই চুক্তি কার্যকর থাকবে।

**************************

**Flag off for Pineapples, Lemon :**

কৃষিমন্ত্রী রতনলাল নাথ বলেছেন, আগরতলায় বিজনেস কনক্লেভে রাজ্য কৃষি দপ্তরের সঙ্গে ২৯টি সংস্থা, ১ হাজার ১১৭ কোটি টাকা বিনিয়োগের লক্ষ্যে মৌ স্বাক্ষর করেছে। কৃষি ও উদ্যানজাত ফসল বাজারজাত করন, গুনগত মানোন্নয়ন, সেন্টার ফর এক্সিলেন্স ইত্যাদি বিষয়ে লগ্নীর প্রতি ওই সংস্থাগুলো আগ্রহ দেখিয়েছে।

এদিকে, আজ আগরতলার অরুন্ধতিনগরে কৃষি দপ্তরের গবেষনা কেন্দ্রে এক অনুষ্ঠানে কৃষিমন্ত্রী আরব আমিরশাহীর দুবাইয়ের একটি আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন ব্যবসায়ী সংস্থার কাছে ১৮২ কিলোগ্রাম সুগন্ধিযুক্ত কালী খাসা চাল, ১২০০টি সুগন্ধি লেবু এবং ৩০০টি কুইন ভ্যারাইটির আনারস রপ্তানির সূচনা করেন।

**************************

**MSP :**

রাজ্যে নূন্যতম সহায়ক মূল্যে কৃষকদের থেকে সরাসরি ধান ক্রয় কর্মসূচি আজ থেকে শুরু হয়েছে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা উদয়পুর মহকুমার কাকড়াবন উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে আয়োজিত অনুষ্ঠানে এই কর্মসূচির সূচনা করেন। খাদ্য দপ্তরের উদ্যোগে এবং কৃষি দপ্তরের সহযোগিতায় চলতি রবি মরশুমে প্রতি কুইন্টাল ধানের ন্যূনতম সহায়ক মূল্য ২ হাজার ৩৬৯ টাকা নির্ধারণ করা হয়েছে। এ বছর মোট ২০

হাজার ৮০০ মেট্রিক টন ধান ক্রয়ের লক্ষ্যমাত্রা নেয়া হয়েছে। রাজ্যের ৩১টি কেন্দ্রে পর্যায়ক্রমে কৃষকদের কাছ থেকে ধান সংগ্রহ করা হবে। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, কৃষকদের আর্থ-সামাজিক মানোন্নয়নে কেন্দ্রীয় সরকারের প্রকল্পগুলি ১০০ শতাংশ বাস্তবায়নের লক্ষ্য নিয়ে রাজ্য সরকার কাজ করছে। রাজ্যে বর্তমানে ৩৫ হাজার ৫০০ হেক্টর জমিতে কৃষিকাজ হচ্ছে। পতিত জমিকে অধিক পরিমাণে কৃষি আওতায় আনার জন্য সরকার উদ্যোগ নিয়েছে। অনুষ্ঠানে বক্তব্য রাখেন খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী, বিধায়ক অভিষেক দেবরায়, জিতেন্দ্র মজুমদার।

****************************

**Flood Situation :**

ঊনকোটি জেলার কৈলাশহর ও কুমারঘাট দুটি মহকুমাতেই বন্যা পরিস্থিতির উন্নতি হয়েছে। জেলার দেও এবং মনুনদী ও তার শাখা লক্ষীছড়ায় জলস্তর কমছে। জেলার বিভিন্ন ত্রাণ শিবিরগুলি থেকে বন্যার কারণে আশ্রিত মানুষজন আজ দুপুর থেকে নিজ নিজ বাড়িঘরে ফিরতে শুরু করেছেন। কুমারঘাট মহকুমায় ২৯টি ত্রাণ শিবিরের মধ্যে বর্তমানে ২১টি ত্রাণ শিবির খোলা রয়েছে। কুমারঘাটের মহকুমা শাসক এন.এস.চাকমা আমাদের আকাশবানীর জেলা সংবাদদাতা অনুপম ভট্টাচার্যকে জানিয়েছেন, বন্যায় ক্ষয়ক্ষতি নিরুপণের লক্ষ্যে প্রাথমিক কাজ শুরু হয়েছে। বন্যা পরবর্তী পরিস্থিতিতে জনস্বাস্থ্য রক্ষায় যথাযথ উদ্যোগ নেওয়া হয়েছে।

**************************************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-

এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তাঁর তিন-দেশ সফরের শেষ পর্যায়ে আজ অকল্যান্ডে এসে পৌঁছেছেন। যেখানে নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রী ক্রিস্টোফার লাক্সন তাঁকে উষ্ণ অভ্যর্থনা জানান। প্রবাসী ভারতীয়দের পাশাপাশি বহু নিউজিল্যান্ডবাসীও ঐতিহ্যবাহী মাওরি অভিবাদন, “কিয়া ওরা মোদী” উচ্চারনে মাধ্যমে তাঁকে স্বাগত জানান। প্রায় ৪০ বছর পর একজন ভারতীয় প্রধানমন্ত্রীর এই সফর উভয় দেশের কাছে গর্ব ও গভীর আবেগের।

*************************

**Ayushman Bharat Disital Mission :**

আয়ুষ্মান ভারত ডিজিটাল মিশনের মিশন স্টিয়ারিং গ্রুপের তৃতীয় সভা আজ নয়াদিল্লিতে অনুষ্ঠিত হয়। পৌরহিত্য করেন কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জে পি নাড্ডা। ভার্চুয়ালি এই সভায় অংশ গ্রহণ করেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা। তিনি বলেন, আয়ুষ্মান ভারত ডিজিটাল মিশন কেন্দ্রীয় সরকারের একটি গুরুত্বপূর্ণ ডিজিটাল স্বাস্থ্য উদ্যোগ। এর মাধ্যমে দেশের প্রত্যেকটি নাগরিকের ডিজিটালি স্বাস্থ্য পরিচয় প্রদান করার পাশাপাশি স্বাস্থ্য পরিষেবাকে নিরাপদ ও সুসংহত প্ল্যাটফর্মের আওতায় আনা সম্ভব হয়েছে। মুখ্যমন্ত্রী আরো বলেন, রাজ্যে জনসংখ্যার প্রায় ৮০ শতাংশ নাগরিকের আভা অ্যাকাউন্ট খোলা হয়েছে। তাছাড়া হেলথ ফ্যাসিলিটি রেজিস্ট্রি এবং হেলথ প্রফেশনাল রেজিস্ট্রির কাজ ১০০ শতাংশ সম্পন্ন হয়েছে। আয়ুষ্মান

ভারত ডিজিটাল মিশনের আওতায় মডেল হাসপাতাল হিসেবে আইজিএম হাসপাতালে চিকিৎসা পরিষেবা নিতে আসা রোগীদের চিকিৎসা পরিষেবা ডিজিটালি প্রদান করা হচ্ছে। রাজ্যের পশ্চিম জেলাকে আয়ুষ্মান ভারত ডিজিটাল মিশনের আওতায় মডেল জেলা হিসাবে বিভিন্ন কর্মসূচি রূপায়ণ করার জন্য নির্বাচিত করা হয়েছে। নয়াদিল্লিতে অনুষ্ঠিত এই বৈঠকে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী প্রতাপরাও যাদব, অনুপ্রিয়া প্যাটেল ও জীতিন প্রসাদ উপস্থিত ছিলেন।

****************************

**Sakhi Nivas–Sabroom :**

কেন্দ্রীয় সরকারের মিশন শক্তি প্রকল্পে কর্মরত মহিলাদের আবাস–সখী নিবাস আজ সাব্রুমে চালু হয়েছে। উদ্বোধন করেন দক্ষিণ জেলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত। ১৫ শয্যা বিশিষ্ট এই সখী নিবাস নির্মাণে ১২ কোটি টাকা ব্যয় হয়েছে।

****************************

**National Fish Farmer's Day :**

আজ ২৬তম জাতীয় মৎস্যচাষি দিবস। এ উপলক্ষ্যে আগরতলার মৎস্য মহাবিদ্যালয়ে বন মন্ত্রী অনিমেষ দেববর্মা মৎস্যচাষিদের ক্ষমতায়ণ শীর্ষক কর্মশালার উদ্বোধন করেন। তিনি বলেন, রাজ্যে মাছের উৎপাদন বৃদ্ধি এবং মৎস্যচাষিদের আর্থসামাজিক অবস্থার উন্নয়নের জন্য রাজ্য সরকার বিভিন্ন পরিকল্পনা রূপায়ণ করছে। রাজ্যে প্রতিবছর প্রায় ১ লক্ষ ১৭ হাজার মেট্রিক টন মাছের চাহিদা রয়েছে। বর্তমানে রাজ্যে প্রায় ৮৫ হাজার মেট্রিক টন মাছ উৎপাদিত হচ্ছে। তাতে প্রায় ৩০ হাজার মেট্রিক টন মাছের ঘাটতি থাকছে যা বহিরাজ্য থেকে আমদানি করে পূরণ করতে হচ্ছে।

মৎস্য দপ্তরের উদ্যোগে আজ কৈলাশহরের শ্রীরামপুরস্থিত স্বামী বিবেকানন্দ ভবনে জাতীয় মৎস্যচাষী দিবস উপলক্ষ্যে অনুষ্ঠানের উদ্বোধন করেন

কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়। বক্তব্য রাখেন জিলা পরিষদের সদস্য বিমল কর,চন্ডীপুর পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন শম্পা দাস পাল।

****************************

**FIFA World Cup :**

ফুটবল বিশ্বকাপে কোয়ার্টার ফাইনালের দ্বিতীয় ম্যাচে আজ মুখোমুখি হচ্ছে স্পেন ও বেলজিয়াম। আমেরিকার লস এঞ্জেলেস স্টেডিয়ামে এই ম্যাচটি রয়েছে ভারতীয় সময় রাত সাড়ে ১২টায়। এই ম্যাচে জয়ী দল সেমি-ফাইনালে খেলবে ফ্রান্সের বিরুদ্ধে।

*****************************

**Football :**

টিএফএ পরিচালিত ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবলের আসরে জম্পুইজলা প্লে সেন্টার চ্যাম্পিয়ন হয়েছে। আজ উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত সুপার লীগের পঞ্চম খেলায় জম্পুইজলা প্লে সেন্টার ৫-০ গোলে ভারতরত্ন সংঘকে হারিয়ে দেয়। আগামীকাল সুপার লীগের শেষ খেলায় রানার্স দল চূড়ান্ত হবে।

***************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় পশ্চিম জেলা, খোয়াই, গোমতী, সিপাহীজলা ও দক্ষিণ জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের কমলা সতর্কতা জারি করা হয়েছে। তাছাড়া বাকি জেলাগুলিতে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আবহাওয়া দপ্তরের পক্ষ থেকে জানানো হয়েছে, গত ২৪ ঘন্টায় রাজ্যে সর্বোচ্চ বৃষ্টি হয়েছে দক্ষিণ জেলার সাব্রুমে ৮৩.৫ মিলিমিটার। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩০.৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.৪ ডিগ্রি সেলসিয়াস।

* * * * * * * * * * * * * * * * * * * * * * * * *